270

তারিখ ... MAY 0 1 2000

# এইচএসসি পরীক্ষার তৃতীয় দিনে—

নিজস্ব বার্তা পরিবেশক ঃ এইচএসসি পরীক্ষার ৩য় দিনে গতকাল রোববার দেশের কোন কোন পরীক্ষা কেন্দ্রে ব্যাপক কড়াকড়ির কারণে নকল হয়েছে কম। তবে প্রত্যন্ত অঞ্চলের কোন কোন কেন্দ্রে শিক্ষক-পরিদর্শকের সহায়তায় কেন্দ্রের ভেতরে নকল হয়েছে। বাইরে থেকে সেসব কেন্দ্রের পরিস্থিতি খুবই শৃংখলাপূর্ণ মনে হয়েছে। 'সংবাদ' প্রতিনিধিদের পাঠানো সংবাদে এমন তথ্য পাওয়া গেছে।

মাগুরার শ্রীপুর উপজেলা পরিষদ নকল ধরার জন্য ১ হাজার ও ৫শ' টাকা পুরস্কার ঘোষণা করেছে। মাগুরার বিভিন্ন পরীক্ষা

এইচএসসি ঃ পৃঃ ২ কঃ ৫

## এইচএসসি ঃ পরীক্ষা

( ১ম পৃষ্ঠার পর )

কেন্দ্রে অত্যধিক কড়াকড়ি আরোপের কারণে গতকাল ৮৯ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়নি।

বগুড়ায় সরকারি শাহ সুলতান কলেজে নকলের দায়ে দুজন পরীক্ষার্থীকে বহিষ্কার করায় পরীক্ষার্থী এবং স্থানীয় ছাত্রনেতারা কলেজের টেলিফোন সংযোগ বিচ্ছিন্ন করে দেয় এবং কলেজ প্রাঙ্গণে কয়েকটি ককটেলের বিস্ফোরণ ঘটায়।

গতকাল বাংলা ১ম পত্রের পরীক্ষায় মাগুরায় ৪, উল্লাপাড়ায় ১শ ৩৪, বগুড়ায় ৪৩, মানিকগঞ্জে ৫, চট্টগ্রামে ১শ ৫২, কক্সবাজারে ১৭, রাঙ্গামাটিতে ৬, খাগড়াছড়িতে ৩ এবং নীলফামারীতে ৫৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।